# NYC জন্ম সনদ পাওয়ার জন্য আবেদন

NYC Health

শুধুমাত্র একটি NYC জন্ম সনদ পাওয়ার জন্য এই ফর্মটি ব্যবহার করুন। হালনাগাদকৃত প্রক্রিয়াকরণের সময়, অর্ডারের অবস্থা এবং অতিরিক্ত তথ্যের জন্য nyc.gov/vitalrecords এ যান।

(অনুগ্রহ করে স্পষ্টভাবে মুদ্রণ করুন এবং কেবল ইংরেজিতে পূরণ করুন। এই ফর্মের অনুবাদসমূহ শুধুমাত্র রেফারেন্সের জন্য অনলাইনে উপলব্ধ আছে।)

## একটি NYC জন্ম সনদের জন্য কে আবেদন করতে পারবেন?

- জন্ম সনদ পাওয়ার জন্য আবেদন করতে, আপনাকে অবশ্যই সনদে উল্লিখিত ব্যক্তি এবং অন্তত 18 বছর বয়সী হতে হবে অথবা সনদে উল্লিখিত ব্যক্তির পিতা-মাতা বা আইনগত অভিভাবক হতে হবে।
- যে ব্যক্তির নাম সনদে রয়েছে তাকে অবশ্যই নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরো (Bronx, Brooklyn, Manhattan, Queens এবং Staten Island) এর মধ্যে জন্মগ্রহণ করতে হবে।
- যদি আপনি কোনো গ্রাহকের পক্ষে অনুরোধ জমা দেওয়া একজন অ্যাটর্নি হন, তবে এই ফর্মটি ব্যবহার করবেন না। তার বদলে, on.nyc.gov/birth-certificate-attorney এ উপলব্ধ NYC জন্ম সনদসমূহের জন্য অ্যাটর্নি প্রোটোকল (Attorney Protocol for NYC Birth Certificates) ব্যবহার করুন।
- আপনি যদি একজন মৃত ব্যক্তির জন্ম সনদের জন্য আবেদন করেন, তাহলে আপনাকে আপনার আবেদনের সাথে অবশ্যই বংশতালিকা/উত্তরপুরুষের সাথে সম্পর্কের (Family Tree/Link to Decedent) দলিল, যা on.nyc.gov/family-tree এ উপলব্ধ, এবং তাদের মৃত্যু সনদ দাখিল করতে হবে। যদি ব্যক্তিটি NYC-তে মারা যান, আপনি হয় তাদের মৃত্যু সনদের একটি কপি জমা দিতে পারেন অথবা সেকশন এক-এ মৃত্যু সনদ নম্বরটি লিখতে পারেন। যদি ব্যক্তি NYC-র বাইরে মারা যান, তাহলে একটি প্রত্যয়িত মৃত্যু সনদ জমা দিতে হবে।

## আমি কীভাবে একটি NYC জন্ম সনদের জন্য আবেদন করব?

- **ধাপ 1:** পৃষ্ঠা 3 এ যান এবং সেকশন এক ও দুই'তে অনুরোধ করা সমস্ত তথ্য পূরণ করুন। তথ্য খালি রাখা আপনার অনুরোধ সম্পূর্ণ করতে দেরি করবে। যদি আপনি একজন মার্কিন ভেটেরান হন, তবে সেকশন চার সম্পন্ন করুন।
- **ধাপ 2:** সেকশন তিনে জন্ম সনদ চাওয়ার কারণ নির্বাচন করুন। আপনি যে কারণটি নির্বাচন করবেন তা নির্ধারণ করবে আপনি সংক্ষিপ্ত আকারের জন্ম সনদ পাবেন নাকি দীর্ঘ আকারের জন্ম সনদ পাবেন। বেশিরভাগ মানুষের একটি সংক্ষিপ্ত জন্ম সনদ প্রয়োজন, যা মার্কিন যুক্তরাষ্ট্রে ড্রাইভার'স লাইসেন্স বা মার্কিন পাসপোর্ট পাওয়ার মতো অভ্যন্তরীণ কাজে ব্যবহার করা যেতে পারে।
  - যদি আপনি জন্ম সনদের অনুরোধ করেন এবং একটি অ্যাপোস্টিল (প্রমাণীকরণের সনদ) প্রয়োজন হয়, তাহলে দীর্ঘ আকারের জন্ম সনদ চাইবেন বলে নির্বাচন করুন। আপনাকে একটি দীর্ঘ ফর্মের জন্ম সনদ এবং একটি অনুলিপিকৃত চিঠি দেওয়া হবে, যা আপনাকে কাউন্টি ক্লার্কের অফিস (Office of the County Clerk) থেকে নোটারাইজ করাতে হবে। তারপর আপনি দীর্ঘ ফর্ম জন্ম সনদ এবং অনুলিপিকৃত চিঠিটি ব্যবহার করে একটি অ্যাপোস্টিল পেতে পারেন। অ্যাপোস্টিলগুলি নিউ ইয়র্ক স্টেট (NYS) রাজ্য দপ্তর দ্বারা জারি করা হয়।
- **ধাপ 3:** 5ম পৃষ্ঠা নোটারাইজ করুন। ফর্মটি সাক্ষর করতে ও তারিখ দিতে ভুলবেন না।
- **ধাপ 4:** আপনাকে অবশ্যই আপনার বর্তমান (মেয়াদোত্তীর্ণ নয়) এবং স্বাক্ষরিত ফটো আইডেন্টিফিকেশন একটি পাঠযোগ্য কপি জমা দিতে হবে। আপনার আইডির ফটোকপি স্পষ্ট হতে হবে। গ্রহণযোগ্য পরিচয়পত্রের ধরন এবং বর্তমান ছবি দেওয়া পরিচয়পত্র না থাকলে আপনি কী জমা দিতে পারেন জানতে পৃষ্ঠা 2 দেখুন।

## ফি এবং ডাকে পাঠানোর নিয়ম

- NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য পরিষেবা বিভাগ প্রত্যেক জন্ম সনদের আবেদনের জন্য $15 চার্জ করে। সর্বোচ্চ তিনটি কপি অর্ডার করা যাবে।
- অনুগ্রহ করে আপনার চেক বা মানি অর্ডার নিম্নোক্তের উদ্দেশ্যে প্রদেয় করুন: **NYC Department of Health and Mental Hygiene**। নগদ টাকা বা স্টার্টার চেক গ্রহণ করা হয় না। আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থেকে একটি জন্ম সনদের জন্য আবেদন করেন, তাহলে একটি মার্কিন ব্যাংকের দ্বারা জারি করা মার্কিন ডলারে তৈরি আন্তর্জাতিক মানি অর্ডার প্রয়োজন।
- আপনার পূরণ করা এবং নোটারী করা আবেদনপত্র, আপনার বর্তমান ফটো আইডির কপি এবং পেমেন্ট (চেক বা মানি অর্ডার) পৃষ্ঠা 5 এ দেওয়া ঠিকানায় পাঠান।
- জন্ম সনদসমূহ সেই ঠিকানায় পাঠানো যাবে না যা "in care of" (প্রযত্নে) বলে চিহ্নিত।
- যদি আপনি একজন মার্কিন ভেটেরান হন এবং NYC-তে জন্মগ্রহণ করেন, তবে আপনি বিনামূল্যে জন্ম সনদ পাওয়ার অধিকারী হতে পারেন। পৃষ্ঠা 2-এর টেবিল 3-এ যোগ্যতা এবং ভেটেরান অবস্থা প্রমাণের যোগ্যতার গ্রহণযোগ্যতা সম্পর্কিত তথ্য দেখুন এবং পৃষ্ঠা 4-এর সেকশন চার পূরণ করুন।
- **অনলাইনে অর্ডার করুন:** আবেদন দ্রুততর সময়ে প্রক্রিয়াকরণের জন্য, vitalchek.com ভিজিট করুন। অনলাইন অর্ডার সপ্তাহের কার্যদিবসগুলিতে 72 ঘন্টার মধ্যে প্রক্রিয়া করা হয় এবং UPS express mail ডেলিভারি উপলব্ধ। শুধুমাত্র জন্ম সনদে নাম থাকা ব্যক্তি বা অভিভাবক(রা) অনলাইনে অর্ডার করতে পারেন।

| টেবিল 1. পরিচয় সংক্রান্ত আবশ্যকতাসমূহ | |
|---|---|
| **ক্যাটেগরি 1: সনাক্তকারী নথিসমূহ**<br>নিম্নোক্ত সনাক্তকারী নথিগুলির মধ্যে যে কোনো **একটি** দিন। নথিটিতে অবশ্যই আপনার ছবি ও স্বাক্ষর থাকতেই হবে এবং তা মেয়াদোত্তীর্ণ হলে চলবে না। | |
| ড্রাইভার'স লাইসেন্স বা নন-ড্রাইভার পরিচয়পত্র | বর্তমান ট্রান্সক্রিপ্টসহ বিশ্ববিদ্যালয় বা কলেজের পরিচয়পত্র |
| নিউ ইয়র্ক স্টেট (NYS) বেনেফিট কার্ড | বর্তমানে মুক্তির নথিসহ কয়েদির পরিচয়পত্র |
| স্বাক্ষরসহ মার্কিন যুক্তরাষ্ট্রের বা বিদেশী পাসপোর্ট | একটি বর্তমান বেতন রশিদের সঙ্গে কাজের পরিচয়পত্র |
| IDNYC পৌরসভার পরিচয়পত্র | NYC একটি-রাইড-নিন (NYC Access-A-Ride) কার্ড |
| মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব অর্পণ এর শংসাপত্র (অবশ্যই আসলটি) | NYC MTA হ্রাসকৃত ভাড়া MetroCard |
| মিলিটারি পরিচয়পত্র (অবশ্যই যার জন্ম সনদ চাওয়া হচ্ছে তার জন্য হতে হবে) | |

| টেবিল 2. ঠিকানার প্রমাণ সংক্রান্ত আবশ্যকতাসমূহ | |
|---|---|
| **ক্যাটেগরি 2: ঠিকানার প্রমাণের নথিপত্রসমূহ**<br>আপনার কাছে যদি কোনো ক্যাটেগরি 1 নথি না থাকে, তাহলে নিম্নোক্ত নথিগুলির মধ্যে যে কোনো **দুটি** দিন। নথিটি অবশ্যই বিগত 60 দিনের মধ্যেকার তারিখসহ হতে হবে এবং তাতে আপনার নাম ও ঠিকানা প্রদর্শিত থাকতে হবে।<br>উদাহরণস্বরূপ, আপনি বিগত 60 দিনের মধ্যেকার কোনো একটি ফোনের বিল এবং কোনো সরকারি প্রতিষ্ঠান থেকে গত 60 দিনের মধ্যে পাওয়া কোনো চিঠি দিতে পারেন। বিকল্পস্বরূপ, আপনি দুটি ফোন বিল দিতে পারেন, যদি সেগুলির দুটিই গত 60 দিনের মধ্যে হয়ে থাকে। আপনার সার্টিফিকেটটি প্রদত্ত নথিপত্রে বর্ণিত ঠিকানায় ডাক যোগে পাঠানো হবে। | |
| ইউটিলিটি বিল | আপনাকে সরকারের থেকে আনুষ্ঠানিকভাবে পাঠানো চিঠি |
| টেলিফোনের বিল | ভাড়ার বিল (বন্ধক বা লিজ পত্র) |
| চিকিৎসার বিল | |

| টেবিল 3। ভেটেরান অবস্থার প্রমাণ | |
|---|---|
| যদি আপনি একজন মার্কিন ভেটেরান হন এবং NYC-তে জন্মগ্রহণ করে থাকেন, তাহলে আপনার অনুরোধ নিচের যে কোনো কারণে সম্পর্কিত হলে আপনি একটি বিনামূল্যে জন্ম সনদ পেতে পারেন। | |
| ভেটেরান প্রশাসন থেকে পাওয়া সুবিধাসমূহ | যে কোনো নিউ ইয়র্ক স্টেট (NYS) আইন অনুযায়ী একটি ভেটেরান'স বোনাস আবেদন |
| মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীতে যোগদান বা কর্মরত হওয়া | মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীতে কর্মরত ব্যক্তিদের পোষ্যদের ভাতার জন্য আবেদন |
| নিচের ভেটেরান অবস্থার গ্রহণযোগ্য প্রমাণসমূহের যে কোনো একটি প্রদান করুন। | |
| DD ফর্ম 214, সক্রিয় দায়িত্ব থেকে অব্যাহতি বা মুক্তির সনদ | নিউ ইয়র্ক স্টেট (NYS) ড্রাইভার'স লাইসেন্স বা নন-ড্রাইভার পরিচয়পত্র যাতে ভেটেরান অবস্থার কথা বলা আছে |
| DD ফর্ম 2 (অবসরপ্রাপ্ত) মার্কিন যুক্তরাষ্ট্রের উর্দিধারী বাহিনীর পরিচয়পত্র | IDNYC কার্ড যাতে ভেটেরান অবস্থার কথা বলা আছে |
| ভেটেরান পরিচয়পত্র **বা** ভেটেরান স্বাস্থ্য পরিচয়পত্র | ভেটারান বিষয়ক মেয়র অফিস (NYC ভেটেরান পরিষেবা বিভাগ) থেকে সামরিক পরিষেবা নিশ্চিত করার স্বাক্ষরণ |

আপনি যদি টেবিল 1 অথব 2 এ উল্লিখিত এই নথিগুলির কোনোটিই প্রদান করতে না পারেন, তাহলে **311** এ কল করুন বা nycdohvr@health.nyc.gov এ ইমেইল করুন।
NYC এর বাইরে থেকে কল করে থাকলে, 212-639-9675 এ কল করুন।

## সেকশন এক: আপনার নাম কী?

**আপনাকে কমপক্ষে 18 বছর বয়সী হতে হবে। স্পষ্টভাবে মুদ্রণ করুন এবং শুধুমাত্র কালো কালি ব্যবহার করুন। আপনার বর্তমান পরিচয়পত্রে যে নাম আছে সেটি ব্যবহার করুন। নিচের সবগুলি তথ্য পূরণ করা বাধ্যতামূলক। সনদসমূহ সেই ঠিকানায় পাঠানো যাবে না যা "in care of" (প্রযত্নে) বলে চিহ্নিত।**

| নামের প্রথম অংশ | নামের মধ্যাংশ | পদবী |
| --- | --- | --- |
| ডাক পাঠাবার ঠিকানা | | অ্যাপার্টমেন্ট নম্বর |
| শহর | রাজ্য | জিপ কোড |
| প্রাথমিক ফোন নম্বর | বিকল্প ফোন নম্বর (যদি প্রযোজ্য হয়) | |
| ইমেইল অ্যাড্রেস | | |

জন্ম সনদে নাম থাকা ব্যক্তির সাথে সম্পর্ক:

☐ আমি আমার নিজের জন্ম সনদের জন্য আবেদন করছি।

☐ আমি জন্ম সনদে নাম থাকা ব্যক্তির মা/প্যারেন্ট।

☐ আমি জন্ম সনদে নাম থাকা ব্যক্তির বাবা/প্যারেন্ট।

☐ আমি জন্ম সনদে নাম থাকা ব্যক্তির আইনানুগ অভিভাবকত্ব/দায়িত্বের অধিকারী। (আপনাকে অবশ্যই আপনার আবেদনের সাথে মূল বৈধ অভিভাবকত্ব বা দায়িত্বের কোর্ড অর্ডার পেশ করতে হবে।)

☐ আমি একটি মানব সেবা সংস্থার অংশ, যা নাবালক শিশু বা বিকাশগতভাবে প্রতিবন্ধী পূর্ণবয়স্ক ব্যক্তির সাথে যুক্ত।

ব্যক্তিটি যদি NYC তে মৃত্যুবরণ করে থাকেন, তাহলে তাদের মৃত্যু সনদ নম্বর লিখুন: 1 5 6 - ☐☐ | ☐☐☐☐☐☐

## সেকশন দুই: জন্ম সনদের তথ্য

**এই সেকশনে, আপনি যে জন্ম সনদের আবেদন করছেন তাতে নামগুলি বর্তমানে যেভাবে আছে তা লিখুন।**

জন্ম সনদের নাম **বর্তমানে** যা প্রদর্শিত হচ্ছে:

| নামের প্রথম অংশ | নামের মধ্যাংশ | পদবী |
| --- | --- | --- |
| | | |

জন্ম সনদে উল্লিখিত জন্ম তারিখ (মাস/দিন/বছর): ☐☐ | ☐☐ | ☐☐☐☐

যদি আপনি সঠিক জন্ম তারিখ না জানেন, তাহলে অনুসন্ধানের জন্য তারিখের পরিসীমা পূরণ করুন (মাস/দিন/বছর) (অনুসন্ধান ফি সম্পর্কিত তথ্যের জন্য পৃষ্ঠা 5 দেখুন)।

শুরুর তারিখ: ☐☐ | ☐☐ | ☐☐☐☐　　শেষের তারিখ: ☐☐ | ☐☐ | ☐☐☐☐

জন্ম সনদে উল্লিখিত লিঙ্গ: ☐ পুরুষ ☐ মহিলা ☐ X*

*X এমন একটি লিঙ্গ যা সম্পূর্ণরূপে পুরুষ বা মহিলা নয় (একটি নন-বাইনারি লিঙ্গ পরিচিতি)।

যে বরোতে জন্ম (অজানা হলে খালি রাখুন):

☐ Bronx ☐ Brooklyn ☐ MaSnhattan ☐ Queens ☐ Staten Island

**জন্ম সনদে থাকা মা/প্যারেন্টের বিবাহের আগের নাম:**

| নাম | বিবাহের আগের পদবী |
| --- | --- |
| | |

**জন্ম সনদে থাকা বাবা/প্যারেন্টের নাম:**

| নাম | পদবী |
| --- | --- |
| | |

**জন্ম সনদে জন্মস্থান (অজানা হলে খালি রাখুন):**

| হাসপাতালের নাম, জন্মদান কেন্দ্র বা, যদি বাড়িতে হয় তাহলে, রাস্তার ঠিকানা, শহর, রাজ্য, জিপ কোড |
| --- |
| |

## সেকশন তিন: আবেদন করার কারণ

**কেন আপনি একটি জন্ম সনদ চাইছেন এবং কতগুলি চাচ্ছেন তাতে টিক চিহ্ন দিন।**

দুই ধরনের জন্ম সনদ আছে। আপনি যে কোনোটি চাইতে পারেন। খরচ একই।

- **সংক্ষিপ্ত আকারের:** বেশিরভাগ মানুষ সংক্ষিপ্ত আকারের জন্ম সনদ অনুরোধ করেন। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে বেশিরভাগ কাজে যেমন ড্রাইভার'স লাইসেন্স বা মার্কিন পাসপোর্ট প্রাপ্তির জন্য ব্যবহার করা যেতে পারে। এই সনদে উল্লিখিত ব্যক্তির নামের প্রথম ও শেষ অংশ, জন্মস্থান, জন্মতারিখ, জন্মের সময়ের লিঙ্গ, নথিভুক্তির তারিখ, এবং মাতা/প্যারেন্ট ও পিতা/প্যারেন্টের নামের প্রথম ও শেষ অংশ অন্তর্ভুক্ত আছে।
- **দীর্ঘ আকারের:** দীর্ঘ আকারের জন্ম সনদে সংক্ষিপ্ত আকারের জন্ম সনদের মত তথ্য, পাশাপাশি অতিরিক্ত তথ্য যেমন জন্ম সময়, হাসপাতালের নাম এবং পিতা-মাতার জন্মস্থান অন্তর্ভুক্ত থাকে। এই সনদ সাধারণত আন্তর্জাতিক উদ্দেশ্যে ব্যবহৃত হয়, যেমন দ্বৈত নাগরিকত্ব, আন্তর্জাতিক দত্তকগ্রহণ, আন্তর্জাতিক বিবাহ এবং অ্যাপোস্টিল প্রাপ্তি।

**নিচের ছকে, আপনি যে কারণে জন্ম সনদের আবেদন করছেন তাতে টিক চিহ্ন দিন। আপনি যে কারণটি নির্বাচন করবেন তার উপর নির্ভর করবে আপনি সংক্ষিপ্ত আকার বা দীর্ঘ আকারের জন্ম সনদ পাবেন কিনা।**

| আপনি কেন একটি জন্ম সনদের জন্য আবেদন করছেন: | | | আপনি যা পাবেন: |
|---|---|---|---|
| ☐ মার্কিন পাসপোর্ট বা ভ্রমণ<br>☐ উত্তরাধিকার বা সম্পত্তি বণ্টন (কেবল মার্কিন যুক্তরাষ্ট্রে)<br>☐ বিবাহ (কেবল মার্কিন যুক্তরাষ্ট্রে)<br>☐ আইনগত প্রয়োজনে<br>☐ ড্রাইভারস লাইসেন্স | ☐ সরকারী সহায়তা বা সুবিধা<br>☐ চাকরী<br>☐ স্কুল বা খেলাধুলা<br>☐ বিমা, পেনশন বা অবসরগ্রহণ<br>☐ সোশাল সিকিউরিটি বা সুবিধা | ☐ আয়কর<br>☐ দত্তকগ্রহণ (কেবল মার্কিন যুক্তরাষ্ট্রে)<br>☐ ব্যক্তিগত তথ্যশালা বা ব্যবহার<br>☐ অন্যান্য | ➡ সংক্ষিপ্ত আকারের জন্ম সনদ |
| ☐ অ্যাপোস্টিল<br>☐ দ্বৈত নাগরিকত্ব বা অভিবাসন<br>☐ দত্তকগ্রহণ (কেবল আন্তর্জাতিক) | ☐ বিবাহ (কেবল আন্তর্জাতিক)<br>☐ জন্মের সময়<br>☐ আন্তর্জাতিক ব্যবহার, বা বিদেশে ব্যবহার<br>☐ আন্তর্জাতিক উত্তরাধিকার বা সম্পত্তি বণ্টন | ☐ অন্যান্য | ➡ দীর্ঘ আকারের জন্ম সনদ |

আপনার কয়টি জন্ম সনদ প্রয়োজন হবে (সর্বোচ্চ তিনটি)? ☐ একটি ☐ দু'টি ☐ তিনটি

## সেকশন চার: ভেটেরান ফি মওকুফ

**আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রের ভেটেরান না হন, তাহলে এই অংশ এড়িয়ে যান। আপনি যদি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের ভেটেরান হন এবং আপনার অনুরোধ নিম্নলিখিত কোনো কারণের সাথে সম্পর্কিত হয়, অনুগ্রহ করে নিচে স্বাক্ষর করুন:**

- ভেটেরান প্রশাসন থেকে পাওয়া সুবিধাসমূহ
- মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীতে যোগদান বা কর্মরত হওয়া
- যে কোনো নিউ ইয়র্ক স্টেট (NYS) আইন অনুযায়ী একটি ভেটেরান'স বোনাস আবেদন
- মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীতে কর্মরত ব্যক্তিদের পোষ্যদের ভাতার জন্য আবেদন

**আমি নিশ্চিত করছি যে আমার অনুরোধ উপরের কারণগুলির একটির সাথে সম্পর্কিত।**

স্বাক্ষর: ______________________________________________

ভেটেরান ফি মওকুফ পেতে, আপনাকে ভেটেরান অবস্থার প্রমাণপত্র জমা দিতে হবে। গ্রহণযোগ্য নথিসমূহের তালিকার জন্য পৃষ্ঠা 2 এ টেবিল 3 দেখুন।

## সেকশন পাঁচ: আপনার আবেদন নোটারাইজ করুন

**এই আবেদনটি অবশ্যই নোটারাইজ করা হতে হবে। আপনাকে শুধু এই পৃষ্ঠাটি নোটারাইজ করতে হবে। আপনাকে অবশ্যই এই আবেদনের সাথে আপনার বর্তমান পরিচয়পত্রের একটি কপি দাখিল করতে হবে। গ্রহণযোগ্য পরিচয়পত্রসমূহের তালিকার জন্য পৃষ্ঠা 2 এ টেবিল 1 দেখুন।**

| SIGNATURE OF APPLICANT (আবেদনকারীর স্বাক্ষর) | DATE (MONTH/DAY/YEAR) তারিখ (মাস/দিন/বছর) |
|---|---|
| | __ __ / __ __ / __ __ __ __ |

**To be completed by notary.**
**(নোটারি দ্বারা পূরণ করার জন্য।)**

State of ______________________________

County of ______________________________

Subscribed and sworn before me:

this ________ day of ________, 20________

______________________________
Notary Public Signature

**Notary Public Seal**

**জন্ম সনদপত্রের একটি অনুলিপি শুধুমাত্র সেই ব্যক্তিকে দেওয়া যেতে পারে যে জন্মের রেকর্ডের সাথে সম্পর্কিত, যদি সে প্রাপ্তবয়স্ক হয়, বা একজন পিতা-মাতাকে বা একটি মানব সেবা সংস্থাকে যা নাবালক শিশু বা একটি বিকাশগত প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কের সাথে যুক্ত। মিথ্যা, অসত্য বা বিভ্রান্তিকর বিবৃতি দেওয়া বা এই আবেদনে অন্য ব্যক্তির স্বাক্ষর জাল করা আইনের লঙ্ঘন। লঙ্ঘন একটি অপকর্ম যা $2,000 পর্যন্ত জরিমানা দ্বারা শাস্তিযোগ্য।**

---

### ফি এবং কীভাবে আপনার আবেদন জমা দিতে হবে

প্রতিটি জন্ম সনদের দাম $15।* আপনি সর্বোচ্চ তিনটি জন্ম সনদের আবেদন করতে পারেন। যদি সঠিক জন্ম তারিখ জানা না থাকে এবং পরিবর্তে একটি সীমা ব্যবহার করা হয়, তবে দুই বছরের পর অনুসন্ধান করা প্রতিটি পরবর্তী বছরের জন্য অতিরিক্ত $3 অনুসন্ধান ফি প্রযোজ্য।

*ভেটেরানরা একটি বিনামূল্যের জন্ম সনদ পেতে পারেন।

**আমরা কেবল চেক বা মানি অর্ডার গ্রহণ করে থাকি। ক্যাশ বা স্টার্টার চেক গ্রহণ করা হয় না।**

**নিশ্চিত করুন যে আপনি নিচের কাজগুলি করেছেন:**

- আবেদনের সেকশন এক, দুই, তিন এবং পাঁচ পূরণ করেছেন।
- সেকশন পাঁচ নোটারাইজ করিয়েছেন।
- আপনার বর্তমান স্বাক্ষরিত ছবি পরিচয়পত্রের ফটোকপি বা ঠিকানার প্রমাণ জমা দিন (টেবিল 1 এবং 2 দেখুন)।
- সেকশন চারে স্বাক্ষর করুন এবং আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রের ভেটেরান হন তবে ভেটেরান অবস্থার প্রমাণ জমা দিন (টেবিল 3 দেখুন)।
- চেক বা মানি অর্ডারের মাধ্যমে পেমেন্ট জমা দিন।

| আপনার অনুরোধের মূল্য নির্ধারণ করুন | |
|---|---|
| অনুরোধ করা জন্ম সনদের সংখ্যা (সর্বাধিক তিনটি): | ________ |
| প্রতিটি জন্ম সনদের জন্য $15 দ্বারা গুণ করে পাওয়া যায়: | $________ |
| সাথে প্রথম দুই × ___ বছরের পর অনুসন্ধান করা প্রতিটি অতিরিক্ত বছরের জন্য $3 অনুসন্ধান ফি ধরা হয়: | $________ |
| **সংযুক্ত মোট পরিমাণ (উপরের দুটি ডলার পরিমাণের যোগফল):** | **$________** |

**ডাকযোগে পাঠান:** NYC Department of Health and Mental Hygiene • **Attention: BC Request**
125 Worth St. • Room 119, CN-4 • New York, NY 10013

এই আবেদনে সহায়তার জন্য, **311** এ কল করুন বা nycdohvr@health.nyc.gov এ ইমেইল করুন। NYC এর বাইরে থেকে কল করে থাকলে, 212-639-9675 এ কল করুন।